

🗏 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:২৩

💵 আরবি মূল আয়াত:

فَانطَلَقُوا وَ هُم يَتَخَافَتُونَ ﴿٢٣﴾

তারপর তারা চলল, নিম্নস্বরে একথা বলতে বলতে- — আল-বায়ান

তারা চুপি চুপি কথা বলতে বলতে চলল। — তাইসিরুল

অতঃপর তারা চললো নিম্ন স্বরে কথা বলতে বলতে। — মুজিবুর রহমান

So they set out, while lowering their voices, — Sahih International

২৩. তারপর তারা চলল নিম্মস্বরে কথা বলতে বলতে,

তাফসীরে জাকারিয়া

(২৩) অতঃপর তারা চুপিসারে কথা বলতে বলতে (পথ) চলতে শুরু করল, [1]

[1] অর্থাৎ, প্রথমতঃ তারা অতি সকালে বাগানের দিকে যাত্রা করল। দ্বিতীয়তঃ আস্তে আস্তে কথা বলতে বলতে যাচ্ছিল, যাতে তাদের বাগানে যাওয়ার কথা কেউ টের না পায় ।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5294

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন